# সম্পাদকের বিবৃতি ২০২৪

শুভ অপরাহ্ন,

আজকের এই সভায় সবাইকে স্বাগতম। প্রথমেই মঞ্চে এবং দর্শকাসনে উপস্থিত সমস্ত গুরুজনকে জানাই আমার সশ্রদ্ধ প্রণাম আর বাকি সবাইকে আমার ভালোবাসা।

শ্রদ্ধেয় শ্রী রঞ্জিত মল্লিকের নেতৃত্বে আমাদের এই কার্য্যকরী সমিতি এক বছর পূর্ণ করল। তাই এই সাধারণ সভা।

বিগত বছরে নিয়মিত কাজ ছাড়া আমরা প্রথমে যে উল্লেখযোগ্য কাজটা করতে পেরেছিলাম তা হল "রক্তদান শিবির ও স্বাস্থ্য পরীক্ষা শিবির"। এম. আর. বাঙ্গুর সুপার স্পেশালিটি হসপিটাল-এর সহযোগীতায় এই শিবির সম্পন্ন হয় ৯ই জুন, ২০২৪, টেকনিশিয়ান স্টুডিওতে। ঐ শিবিরে রক্তদান করেন ৭৯ জন সদস্য, চক্ষু পরীক্ষা করান ১৩৫ জন সদস্য, ECG করান ১১৭ জন সদস্য এবং সামগ্রীক স্বাস্থ্য পরীক্ষা করান ১৩০ জন সদস্য। এই স্বাস্থ্য পরীক্ষার মধ্যে Spirometry, Sugar Random, Blood Pressure, Blood Test (LFT & KFT) ইত্যাদি পরীক্ষগুলি অর্ন্তভুক্ত ছিল।

এই প্রচেষ্টাকে সর্বাঙ্গ সুন্দর করতে Bijoli Grill ঐদিন সবাইকে Tiffin Pack দেন। সমস্ত রক্তদাতাদের গিফট্ প্যাক দেন MIO AMORE, Venue এবং Electricity Sponsor করেন VEEDOL। রক্তদাতাদের মধ্যে একটি লাকি ড্র হয়। তার পুরস্কার হিসেবে মহেন্দ্র দত্ত-র তরফ থেকে সুদৃশ্য ছাতা উপহার দেওয়া হয়।

তবে একথা অনস্বীকার্য্য যে ঐ দিনও ফোরামের সদস্যদের উপস্থিতির সংখ্যা লক্ষণীয়ভাবে কম ছিল। আশা করি ভবিষ্যতে এই রকম উদ্যোগে সদস্যরা আরও বেশী সংখ্যায় উপস্থিত থাকবেন।

এই বিপুল আয়োজনকে সফল করার জন্য আমরা আন্তরিক ধন্যবাদ জানাই আমাদের সদস্যবৃন্দকে এবং এম. আর. বাঙ্গুর সুপার স্পেশালিটি হসপিটাল কর্তৃপক্ষ এবং সমস্ত চিকিৎসক ও অন্যান্য কর্মীদের।

এরপর ৯ই আগষ্ট ২০২৪, R. G. Kar Hospital-এ ঘটে যাওয়া দূর্ভাগ্যজনক ঘটনার প্রতিবাদে সুবিচার দাবী করে আমরা ফোরাম থেকে একটি মৌন প্রতিবাদ সভার আয়োজন করেছিলাম, ২৪ শে আগষ্ট, ২০২৪, টেকনিশিয়ান স্টুডিও-র নিকটস্থ "কিশোর কুমার মূর্তির" সামনের প্রাঙ্গনে। ঐ দিন ফোরামের সদস্যরা বিপুল সংখ্যায় উপস্থিত থেকে এই প্রতিবাদ আরও জোরাল করে তোলেন।

নানান প্রতিকূলতা জয় করে শিল্পীদের স্বাস্থ্য বীমা চালু হয় ২৪ শে অক্টোবর, ২০২৪ ।
সমস্ত বছর ধরে বিভিন্ন কাজের মধ্যে আমরা আমাদের অত্যন্ত প্রিয় কিছু সদস্যকেও হারিয়েছি ।

পার্থ সারথি দেব (৬৪)
শ্রীলা মজুমদার (৬৪৫)
অশোক চট্টোপাধ্যায় (১০২৩)
সুব্রত ব্যানার্জী (১০৩৫)
দেবাশীষ ভট্টাচার্য্য (২০২১)
বাসুদেব চক্রবর্তী (২০২৩)
সুদীপ চক্রবর্তী (২৩৮৪)

আজকের এই সাধারণ সভায় তাঁদের প্রণাম জানাই ।

প্রতি বছরের মত এ বছরও ফোরাম ৮ জন বষীয়ান সদস্যকে মাসিক ২০০০ টাকা করে অনুদান দিয়ে গেছে । তারা হলেন ;

শ্রী নিমাই ঘোষ
শ্রী কল্যাণ চ্যাটার্জী
শ্রী অমিত কুমার গাঙ্গুলি
শ্রীমতী শিখা রায়
শ্রী শুভাশীষ মুখার্জী
শ্রীমতী রমা গুহ
শ্রীমতী প্রণতি ঘোষ
শ্রী ইন্দুভূষণ রায়

সকলে ভালো থাকুন, ফোরামের সঙ্গে থাকুন ।

শান্তি লাল মুখার্জী

শান্তিলাল মুখার্জী
সম্পাদক